# মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়

মানিকগঞ্জ।

Web site : www.manikganjpourashava.gov.bd

স্মারক নং- মাপৌ/ প্রশাঃ/কনিশাঃ-২০২৪/২০১৭ তারিখঃ ২৫/০৯/২০২৪

**" মানিকগঞ্জ পৌরসভার কর নিরুপন ও আদায় সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী"**

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাব মোঃ কবির হোসেন, সভাপতি, কর নিরুপন ও আদায় সংক্রান্ত স্থায়ী কমিটি ও কাউন্সিলর ৭ নং ওয়ার্ড মানিকগঞ্জ পৌরসভা |
| তারিখ | ঃ ১২ সেপ্টেম্বর, ২০২৪ |
| রোজ | ঃ বৃহস্পতিবার |
| সময় | ঃ সকাল ১১.০০ টা |
| সভার স্থান | ঃ মানিকগঞ্জ পৌরসভার সভাকক্ষ, মানিকগঞ্জ |

**সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দ ঃ-**

১। জনাব মোঃ কবির হোসেন, কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড- ০৭ ও সভাপতি, কর নিরুপন ও আদায় সংক্রান্ত স্থায়ী কমিটি
২। জনাব নাজমা আকতার, কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড-১ ও সদস্য, কর নিরুপন ও আদায় সংক্রান্ত স্থায়ী কমিটি
৩। জনাব রাজিয়া সুলতানা, কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড-২ সদস্য, কর নিরুপন ও আদায় সংক্রান্ত স্থায়ী কমিটি
৪। জনাব মোঃ আবুল কালাম আজাদ, কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড-১ ও সদস্য, কর নিরুপন ও আদায় সংক্রান্ত স্থায়ী কমিটি
৫। জনাব আলী আকবর রাজা,কর নির্ধারক ও সহায়ক কর্মকর্তা, কর নিরুপন ও আদায় সংক্রান্ত স্থায়ী কমিটি
৬। জনাব মোঃ ইকবাল আহমেদ, কর আদায়কারী, মানিকগঞ্জ পৌরসভা
৭। মোঃ বজলুর রহমান, পৌর নির্বাহী কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা
৮। একে এম আবু জাফর মল্লিক, সিডিএ, আই ইউ জি আই পি, প্রকল্প

**আলোচনা ও সিদ্ধান্ত সমূহ ঃ-**

**আলোচনা ঃ ০১ বিগত সভার কার্যবিবরণী পাঠ**

আলোচনা ঃ ১। সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। তিনি অত্র কমিটির সহায়ক কর্মকর্তা ও কর নির্ধারক জনাব আলী আকবর রাজাকে বিগত সভার কার্যবিবরণী পাঠ করার নির্দেশনা প্রদান করেন। নির্দেশিত হয়ে কর নির্ধারক বিগত ০৯ জুন, ২০২৪ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান।

সিদ্ধান্ত ঃ অতঃপর বিগত ০৯ জুন, ২০২৪ তারিখ অনুষ্ঠিত সভার গৃহীত কার্যবিবরণী শ্রবনান্তে উক্ত কার্যবিবরণী কোনরূপ সংশোধনী, পরিবর্তন, পরিবর্ধণ না থাকায় সভার কার্যবিবরণী বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে সুপারিশ করা হলো।

আলোচনা নং ০২ঃ- পৌর কর নির্ধারক ও সহায়ক কর্মকর্তা জনাব আলী আকবর রাজা সভাকে জানান যে, জেনারেল এসেসমেন্ট ২০২৩-২০২৪ এর কার্য্যক্রম চলমান আছে। ইতিমধ্যেই সরজমিনে পরিদর্শন পূর্বক তথ্য সংগ্রহ করে কর নির্ধারণ ফরম "ঙ"বা রেজিষ্টারে তালিকাভুক্ত করা হয়েছে। সরকারি হোল্ডিং সংখ্যা হয়েছে ১০৭ ( একশত সাত) টি ধার্য্যকৃত কর ২,১৪,১৩,৩৩৩/-( দুই কোটি চৌদ্দ লক্ষ তের হাজার তিনশত তেত্রিশ টাকা) এবং ব্যক্তি মালিকানাধীন হোল্ডিং সংখ্যা ১৭,৪২৪/- (সতের হাজার চারশত চব্বিশ) টি ধার্য্যকৃত কর ১৩,৪২,২২,৭৪৮/- (তের কোটি বিয়াল্লিশ লক্ষ বাইশ হাজার সাতশত আটচল্লিশ) টাকা সর্বমোট কর ১৫,৫৬,৩৬,০৮১/- ( পনের কোটি ছাপান্ন লক্ষ ছত্রিশ হাজার একাশি) টাকা । হোল্ডিং মালিকদেরকে অবহিত করণের জন্য নোটিশ প্রেরণ করা হচ্ছে। হোল্ডিং মালিকগণ ধার্য্যকৃত করের বিপরীতে

আপত্তি দাখিল করলে স্থায়ী কমিটির সভায় আবেদন গুলো নিঃপত্তি করা হচ্ছে। জুলাই/ ২০২৪ হতে সেপ্টেম্বর/ ২০২৪ পর্যন্ত মোট ৪৮ টি নতুন হোল্ডিং সৃজন করা হয়েছে। যার ধার্য্যকৃত হোল্ডিং কর ৫৬,১৯৩.০০( ছাপান্ন হাজার একশত তিরানব্বই) টাকা।

<u>সিদ্ধান্ত নং ০২ঃ-</u> উপস্থিত সদস্যগণ জেনারেল এসেসমেন্ট ২০২৩-২০২৪ এর কার্য্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। কর নির্ধারণ শাখার চলমান কার্য্যক্রম নিয়ে সন্তোষ প্রকাশ করা হয়।। সরকারি বিধি বিধানের আলোকে কর নির্ধারণ করায় সন্তোষ প্রকাশ করা হয় এবং দ্রুত সময়ের মধ্যে নোটিশ জারি সম্পন্ন পূর্বক শুনানির কাজ শেষ করে কর চূড়ান্ত করার জন্য এ্যাসেসরকে নির্দেশ প্রদান করেন।

<u>আলোচনা নং ০৩ঃ-</u> মানিকগঞ্জ পৌর এলাকায় জেনারেল এসেসমেন্ট এ ধার্য্যকৃত কর হোল্ডিং মালিকদেরকে অবহিত করণের জন্য নোটিশ জারি করায় হোল্ডিং মালিকগণ ধার্য্যকৃত করের বিরুদ্ধে আপত্তি দাখিল করছেন। আপত্তি গুলো নিঃপত্তি করার জন্য প্রত্যেক দিন বিকাল ৩.০০ ঘটিকা হতে শুনানি অনুষ্ঠিত হচ্ছে। স্থায়ী কমিটির সহায়ক কর্মকর্তা পৌর কর নির্ধারক জনাব আলী আকবর রাজা সভাকে আরও জানান যে, মানিকগঞ্জ পৌরসভায় বিভিন্ন প্রকল্পের কাজ চলমান আছে। প্রকল্পের শর্তানুযায়ী ২০২৪- ২০২৫ অর্থ বছরের কর আদায়ের জন্য হোল্ডিং মালিকদেরকে পৌর করের বিল প্রেরণের প্রয়োজন।সে প্রেক্ষিতে দ্রুত শুনানি শেষ করা প্রয়োজন। বর্তমানে কর নির্ধারণ শাখায় ০৪( চার) জন অফিস সহায়ক নোটিশ জারি করছেন। আরও ০৩ (তিন) জন অফিস সহায়ক এর প্রয়োজন।

সিদ্ধান্ত ঃ-৩। মানিকগঞ্জ পৌর এলাকায় জেনারেল এসেসমেন্ট হোল্ডিং মালিকদেরকে অবহিত করণের জন্য নোটিশ জারি দ্রুত শেষ করার সুপারিশ করা হয়। প্রয়োজনে অন্য শাখা হতে জনবল এনে প্রয়োজনীয় কাজ সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। সরকারি বিধি বিধানের আলোকে শুনানি সম্পন্ন করে আদায় শাখায় চূড়ান্ত কর প্রেরণের জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ দিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।

২৫/৯/২৪

( মোঃ কবির হোসেন)
কাউন্সিলর, ও সভাপতি
কর নিরুপন ও আদায় সংক্রান্ত স্থায়ী কমিটি
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ

স্মারক নং- মাপৌ/ প্রশাঃ/কনিশাঃ-২০২৪/২০১৭/১(৮) তারিখঃ ২৫/০৯/২০২৪

অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

১। মাননীয় প্রশাসক, মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ
২। জনাব........................................................, কাউন্সিলর ও সদস্য, কর নিরুপন ও আদায় সংক্রান্ত স্থায়ী কমিটি, মানিকগঞ্জ পৌরসভা
৩। জনাব পৌর নির্বাহী কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা
৪। জনাব কর আদায়কারী, মানিকগঞ্জ পৌরসভা
৫। জনাব..........................................................................................................................

২৫/৯/2024

( আলী আকবর রাজা)
কর নির্ধারক ও সহায়ক কর্মকর্তা
কর নিরুপন ও আদায় সংক্রান্ত স্থায়ী কমিটি
মানিকগঞ্জ পৌরসভা,মানিকগঞ্জ

# মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়

মানিকগঞ্জ।

Web site : www.manikganjpourashava.gov.bd
E-mail : manikganj_municipality@yahoo.com
Phone No. 02-7710403/7710572/7710813, Mobile : 01711609468, Fax : 02-7711080

স্মারক নং- মাপৌ/ প্রশাঃ/কনিশাঃ-২০২৪/ ১০২৬ তারিখঃ ১০/০৯/২০২৪

মানিকগঞ্জ পৌরসভার কর নিরুপন ও আদায় সংক্রান্ত স্থায়ী কমিটির সভা আগামী ১২ সেপ্টেম্বর, ২০২৪ তারিখ বৃহস্পতিবার সকাল ১১.০০ টার সময় পৌরসভার সভাকক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় কর নিরুপন ও আদায় সংক্রান্ত স্থায়ী কমিটির সকল সম্মানিত সদস্যগণকে যথা সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্যসূচিঃ

০১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
০২। ধার্য্যকৃত কর চূড়ান্ত করণ।
০৩। বিবিধ।

(মোঃ কবির হোসেন)
কাউন্সিলর ও সভাপতি
কর নিরুপন ও আদায় সংক্রান্ত স্থায়ী কমিটি
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

স্মারক নং- মাপৌ/ প্রশাঃ/কনিশাঃ-২০২৪/ তারিখঃ ১০/৯/ ২৪

অনুলিপিঃ-

০১। মাননীয় প্রশাসক, মানিকগঞ্জ পৌরসভা-সদয় অবগতি ও সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধসহ প্রেরণ করা হলো।
০২। জনাব........................................................, কাউন্সিলর ও সদস্য, কর নিরুপন ও আদায় সংক্রান্ত কমিটি, মানিকগঞ্জ পৌরসভা অবগতি ও যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধসহ প্রেরণ করা হলো।
০৩। পৌর নির্বাহী কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা যথাসময় উপস্থিত থাকার জন্য অনুরোধসহ প্রেরণ করা হলো।
০৪। জনাব ইকবাল আহমেদ, কর আদায়কারী, মানিকগঞ্জ পৌরসভা, অবগতি ও যথাসময় উপস্থিত থাকার জন্য অনুরোধসহ প্রেরণ করা হলো।

২/ ১০/০৯/২৪

সভাপতি
কর নিরুপন ও আদায় সংক্রান্ত স্থায়ী কমিটি
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

# মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়

মানিকগঞ্জ।

Web site : www.manikganjpourashava.gov.bd

E-mail : manikganj_municipality@yahoo.com

Phone No. 02-7710403/7710572/7710813, Mobile : 01711609468, Fax : 02-7711080


১২/০৯/২০২৪ ইং তারিখে কর নিরুপন ও আদায় সংক্রান্ত স্থায়ী কমিটির সভার উপস্থিত হাজিরাঃ-

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ কবির হোসেন, কাউন্সিলর | সভাপতি | |
| ০২ | জনাব সানজিদা জেসমীন, প্রশাসক | সদস্য | |
| ০৩ | জনাব নাজমা আকতার, কাউন্সিলর | সদস্য | |
| ০৪ | জনাব রাজিয়া সুলতানা, কাউন্সিলর | সদস্য | |
| ০৫ | জনাব আবুল কালাম আজাদ, কাউন্সিলর | সদস্য | |
| ০৬ | জনাব আলী আকবর রাজা, কর নির্ধারক | সহায়ক কর্মকর্তা | |
| ০৭ | জনাব ইকবাল আহমেদ | কর আদায়কারী | |
| ০৮ | জনাব মোঃ বজলুর রহমান, পি এন ও | পি এন ও | |
| ০৯ | জনাব এ. কে. এম আবু জাফর মল্লিক, CDA | CDA IUGIP | |


মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়
কর নিরুপন ও আদায় সংক্রান্ত স্থায়ী কমিটির সভা
স্থান ঃ পৌরসভার সভাকক্ষ